JAN. 02 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৮ কলাম ...৬....

# দেশব্যাপা ছাত্রদলের ২৩তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠার অঙ্গীকার নিয়ে গতকাল (মঙ্গলবার) দেশব্যাপী পালিত হয়েছে জাতীয়তাবাদী ছাত্রদলের ২৩তম

৫-এর পৃঃ ৬-এর কঃ দেখুন




ইনকিলাব ঃ ছাত্রদলের ২৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল নারায়ণগঞ্জ জেলা ছাত্রদলের উদ্যোগে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়

# ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**প্রথম পৃষ্ঠার পর**

প্রতিষ্ঠাবার্ষিকী। জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, শহীদ জিয়ার মাজার জিয়ারত ও পুষ্পমাল্য অর্পণ, বর্ণাঢ্য র‍্যালি, সভা-সমাবেশের মাধ্যমে সারাদেশে ছাত্রদলের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মহানগর ও জেলা শাখাসমূহ সংগঠনের ২৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করে। কেন্দ্রীয় কমিটির কার্যক্রমের ওপর স্থগিতাদেশ থাকায় কেন্দ্রীয়ভাবে কোন কর্মসূচী পালিত হয়নি। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা মহানগরী (উত্তর) ও (দক্ষিণ) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার নেতাকর্মীরা গতকাল সকালে পৃথক পৃথকভাবে ছাত্রদলের প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজারে জিয়ারত ও পুষ্পমাল্য অর্পণ করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী, বিএনপি'র মহাসচিব আব্দুল মান্নান ভূঁইয়া, বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক ও স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমান উল্লাহ্ আমান এ সময় উপস্থিত ছিলেন। সকাল ৯টায় বিএনপি মহাসচিব আব্দুল মান্নান ভূঁইয়া জিয়ার মাজারে গেলে সেখানে তখন খুব কমসংখ্যক নেতাকর্মীই উপস্থিত ছিলেন, যা ছিল দৃষ্টিকটু।

বিভিন্ন শাখাসমূহের পুষ্পমাল্য অর্পণ করার সময় ছাত্রদলের কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন মঞ্জুর-ই-ইলাহী, এবিএম মোশাররফ হোসেন, সাগীর আহমেদ, মনির হোসেন, আব্দুল খালেক হাওলাদার, আজিজুল বারি হেলাল, রেহানা আক্তার রানু, সুলতান সালাউদ্দিন টুকু, মামুন হাসান, সাইদুর রহমান নিউটন, মীর নেওয়াজ আলী, সফিউল বারী বাবু, সেলিমুজ্জামান সেলিম, কাজী রওনাকুল ইসলাম টিপু, হাসান মঞ্জুর, শামসুজ্জামান সুরুজ, শহিদুল্লাহ্ তালুকদার, মোস্তাফিজুল ইসলাম মামুন, ফরহাদ হোসেন আজাদ, নুরুল ইসলাম নয়ন, হারুনুর রশিদ হারুন, আব্দুস সাত্তার, জয়ন্ত কুমার কুণ্ড, আমিরুল ইসলাম আলিম, আব্দুল কুদ্দুস, হাসান মামুন, সাইফুল ইসলাম ফিরোজ, একরামুল হক বিপ্লব, দুলাল হোসেন, আসাদুজ্জামান আসাদ, ওমর ফারুক সাফিন, শাম্মী আক্তার, ফরিদা খানম প্রমুখ।

এর মধ্যে মনির হোসেন ও মোস্তাফিজুল ইসলাম মামুনের নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়, সাগীর আহমেদ ও রফিকুল আলম মজনু ও এসএম জিলানীর নেতৃত্বে ঢাকা মহানগরী (দক্ষিণ), মামুন হাসান, হারুনুর রশীদ হারুন ও সাইফুর রহমান নিউটনের নেতৃত্বে ঢাকা মহানগরী (উত্তর) এবং কাজী রওনাকুল ইসলাম টিপু ও আব্দুস সাত্তারের নেতৃত্বে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার নেতা-কর্মীরা জিয়ার মাজারে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা অপরাজেয় বাংলার পাদদেশ থেকে বর্ণাঢ্য র‍্যালি বের করে। র‍্যালির উদ্বোধন করেন শহীদ ছাত্রনেতা সজলের মা। শাখা সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে র‍্যালিপূর্ব সমাবেশে বক্তব্য রাখেন সজলের পিতা এডভোকেট শহিদুর রহমান চৌধুরী, মোস্তাফিজুল ইসলাম মামুন, হায়দার আলী লেলিন, আসাদুজ্জামান আসাদ, নুরুল ইসলাম নয়ন। মনির হোসেন বলেন, দেশনেত্রী খালেদা জিয়ার নেতৃত্বে বাংলাদেশ যে উন্নয়নের পথে অগ্রসর হচ্ছে তার সাথে সমন্বয় রেখে আমরা শিক্ষা প্রতিষ্ঠানকে মেধার চারণভূমি ও শান্তির নীড় বানাতে চাই। আমরা আলোকিত মানুষ চাই। তিনি শহীদ জিয়াকে স্মরণ করে বলেন, মহান জিয়ার অনবদ্য সৃষ্টি আজ মানবতা, কল্যাণ ও উন্নয়নের কথা বলছে।

সজলের পিতা এডভোকেট শহিদুর রহমান চৌধুরী বলেন, আমার সজলকে আমি হারিয়েছি। কিন্তু এই অনুষ্ঠানে হাজার হাজার সজলের মুখ আমি দেখতে পাচ্ছি। তিনি ছাত্রদল নেতা-কর্মীদের উদ্দেশে বলেন, শিক্ষার অধিকার বাস্তবায়নের জন্য আপনারা আন্দোলন করুন। সুশৃংখলভাবে, ঐক্যবদ্ধভাবে সংগঠন পরিচালনা করুন।

মোস্তাফিজুল ইসলাম মামুন বলেন, শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূল করার জন্য ছাত্রদল যে কোন

শেষ হয়। টমটম গাড়ী ও বাদ্যদলসহ বর্ণাঢ্য সাজে সজ্জিত মুজিব হল ও মুহসীন হলের র‍্যালিটি ছিল আকর্ষণীয়।

ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে তেজগাঁও কলেজ ছাত্রদলের উদ্যোগে গতকাল কলেজ ক্যাম্পাস থেকে সমাবেশ ও র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি জিয়া উদ্যানে গিয়ে ছাত্রদলের প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া মোনাজাত করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আবুজর গিফারী বিশ্ববিদ্যালয় কলেজ শাখা ছাত্রদলের উদ্যোগে সংক্ষিপ্ত সভা ও মিছিলের আয়োজন করা হয়। কলেজ শাখা ছাত্রদল সভাপতি ওমর ফারুক ডালিমের সভাপতিত্বে আয়োজিত সভায় বক্তব্য রাখেন কেন্দ্রীয় ছাত্র নেতা আকসুর সাবেক জিএস আবুল মনছুর, মহানগর দক্ষিণ ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি এসএম জিলানী, সাধারণ সম্পাদক রফিকুল আলম মজনু, সাংগঠনিক সম্পাদক হাবিবুর রশীদ হাবিব, খন্দকার সেলিম, কামিরুজ্জামান টিপু, গিয়াস, মামুন প্রমুখ। কলেজ ছাত্র নেতাদের মধ্য থেকে বক্তব্য রাখেন কামাল হোসেন খান, রাসেল আহমেদ, বিএম তাশরিফ বিদ্যুৎ, সাইফুর রহমান পায়েল, মাজেদ সিরাজী গালিব, হীরা, এ্যানি, খুশী, নাজমা প্রমুখ। সভা পরিচালনা করেন কলেজ শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক আরিফুর রহমান সুজন।